# সাম্য

সুফিয়া কামাল

## সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন- ১ ▸▸**

অমিত সাহেব একটি পাঠাগার স্থাপনের জন্য দৃঢ় প্রতিজ্ঞ। কিন্তু তাঁর একার পৰে এত বিশাল কাজ সম্পাদন কোনোভাবেই সম্ভব হচ্ছে না। তিনি কারো সহযোগিতা নিতে সম্মত নন। পরে গ্রামের সকল শ্রেণির মানুষের সার্বিক সহযোগিতায় পাঠাগার প্রতিষ্ঠা করা সম্ভব হয়। এখন সবাই পাঠাগার থেকে বই সংগ্রহ করে প্রয়োজনীয় জ্ঞান আহরণ করতে পারছে।

ক. ‘সাম্য’ কবিতায় কোনটির মাধ্যমে জীবন মহীয়ান হয়?

খ. ‘সংগ্রামে সাহসে প্রজ্ঞা’ দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. অমিত সাহেবের চরিত্রে ‘সাম্য’ কবিতার বৈসাদৃশ্যের দিকটি ব্যাখ্যা কর।

ঘ.“উদ্দীপকের মূলভাব যেন ‘সাম্য’ কবিতারই প্রতিরূ প”– বিশেৱষণ কর।

**ক** ‘সাম্য’ কবিতায় কর্মের মাধ্যমে জীবন মহীয়ান হয়।

**খ** সংগ্রামে আর সাহসে প্রজ্ঞা দ্বারা কর্মবীর মানুষের গুণাবলিকে বোঝানো হয়েছে।

মানুষ যুগে যুগে মহতী কর্মের স্বাৰর রেখেছে তাদের সংগ্রাম, সাহস আর প্রজ্ঞা দিয়ে। জীবনযুদ্ধে জয়ী হতে হলে সাহস, বুদ্ধিমত্তা আর লড়াই করার মানসিকতা নিয়েই এগিয়ে যেতে হয়। নতুবা সামান্য বাধা পেলেই যে থমকে দাঁড়ায়। সে জীবনে সফল হতে পারে না তাই দৃঢ়তা নিয়ে এগিয়ে যেতে হবে।

**গ** ‘সাম্য’ কবিতার সম্মিলিত প্রচেষ্টায় কাজ করার কথা বলা হলেও উদ্দীপকের অমিত সাহেব নিজ উদ্যোগে পাঠাগার প্রতিষ্ঠা করতে চেয়েছেন।

‘সাম্য’ কবিতায় কবি বলেছেন, কোনো বড় কাজ মানুষ একা করতে পারে না। মানুষের মিলিত অংশগ্রহণের মধ্য দিয়েই তা সম্ভব হয়ে থাকে। পৃথিবীর দেশে দেশে মানুষ ঐক্যবদ্ধ ও কঠোর শ্রমের মাধ্যমেই বড় বড় সাফল্য অর্জন করেছে। মানবসভ্যতায় বর্তমান অগ্রগতি শুধু সম্মিলিত কাজের মধ্য দিয়েই বাস্তবায়িত হয়েছে।

উদ্দীপকে অমিত সাহেবের উদ্দেশ্য অনেক মহৎ। তিনি পাঠাগার প্রতিষ্ঠা করতে চেয়েছেন ব্যক্তিগত উদ্যোগে। কারো সহযোগিতা তিনি নেবেন না কিছুতেই। তাই তার প্রচেষ্টা সফল হয়নি। পরবর্তী সময়ে সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে তা সম্ভব হয়েছিল। ‘সাম্য’ কবিতার সম্মিলিত প্রচেষ্টায় বড় বড় কাজ সম্পাদনের কথা বলা হলেও উদ্দীপকের অমিত সাহেব তা করেননি। সেদিক দিয়ে অমিত সাহেবের চরিত্র ‘সাম্য’ কবিতায় সাথে বৈসাদৃশ্যপূর্ণ।

**ঘ** উদ্দীপকে সম্মিলিত প্রচেষ্টায় পাঠাগার প্রতিষ্ঠার ঘটনাটি ‘সাম্য’ কবিতার প্রতিরূ প হয়ে উঠেছে।

‘সাম্য’ কবিতায় মানুষের মিলিত প্রচেষ্টায় বড় বড় মহৎ কর্ম সম্পাদনের কথা বলা হয়েছে। একা একা কোনো বড় কাজ সম্পন্ন করা সম্ভব নয়। পৃথিবীর বহু দেশ উন্নত হয়েছে সম্মিলিত কাজের মাধ্যমে। সাহস ও সম্মিলিত সাধনার মধ্য দিয়েই মানুষ পৃথিবীতে তার বিজয় পতাকা ঊর্ধ্বে তুলে ধরতে সৰম হয়েছে।

উদ্দীপকে অমিত সাহেব কারো সহযোগিতা ছাড়াই ব্যক্তিগত উদ্যোগে পাঠাগার প্রতিষ্ঠা করতে চেয়েছিলেন। কিন্তু তিনি সফল হন নি। পরবর্তী সময় ঐ এলাকায় সকল জনগণের সম্মিলিত উদ্যোগে পাঠাগার প্রতিষ্ঠা সম্ভব হয়েছে। সবাই এখন পাঠাগার থেকে বই সংগ্রহ করে প্রয়োজনীয় জ্ঞান আহরণ করতে পারছে।

উদ্দীপকে অমিত সাহেব ব্যক্তিগত উদ্যোগে পাঠাগার প্রতিষ্ঠার চেষ্টা ব্যর্থ হলেও পরবর্তীতে পাঠাগার প্রতিষ্ঠার মতো মহৎ কর্মটি সম্মিলিত প্রচেষ্টায় সম্পন্ন হয়েছে। পাঠাগার থেকে সবাই জ্ঞান আহরণ করতে পারছে। ‘সাম্য’ কবিতায় সেই সত্যটিই কবি গভীর ব্যঞ্জনায় তুলে ধরেছেন। তাই বলা যায় উদ্দীপকের মূলভাব যেন সাম্য কবিতারই প্রতিরূ প।

**প্রশ্ন- ১ ▸▸**

বন্যার পানিতে রাস্তা ভেঙে গেছে। পানি গ্রামে ঢুকছে। রাস্তা মেরামত না করলে গ্রাম তলিয়ে যাবে। লোকজন চলে এলো। সবাই কাজে নামল। কোদাল খুন্তা দিয়ে মাটি কেটে তারা বস্তা ভরল। হাতে হাত ধরে যুবকেরা স্রোতের মধ্যে নেমে পড়ল। জীবনের ঝুঁকি নিয়েও তারা স্রোতকে হার মানালো। সবাই সম্মিলিত চেষ্টায় রাস্তা ঠিক হলো বেঁচে গেল গ্রাম।

ক. 'সমুন্নত' অর্থ কী? ১

খ. 'শতেকের সাথে শতেক হস্ত' বলতে কী বোঝানো হয়েছে। ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে 'সাম্য' কবিতার সাদৃশ্য উপস্থাপন কর? ৩

ঘ.উদ্দীপকটি যেন 'সাম্য' কবিতার প্রতিচ্ছবি– বিশেরষণ কর। ৪

**ক** 'সমুন্নত' অর্থ অতিশয় উঁচু।

**খ** 'শতেকের সাথে শতেক হস্ত' বলতে মিলেমিশে কাজ করাকে বোঝানো হয়েছে।

কোনো বড় কাজ কেউ একা করতে পারে না। এর জন্য প্রয়োজন হয় সকলের সম্মীলিত অংশগ্রহণ। পৃথিবীর অনেক মহৎ কাজের পেছনেই ছিল মানুষের সম্মিলিত প্রচেষ্টা। হাতে হাত মিলিয়ে কাজ করার বিষয়ে 'শতেকের সাথে শতেক হস্ত' কথাটি বলা হয়েছে।

**গ** সম্মিলিত প্রচেষ্টায় কাজ করার দিক দিয়ে উদ্দীপকের সাথে 'সাম্য' কবিতার সাদৃশ্য রয়েছে।

'সাম্য' কবিতায় কবি সুফিয়া কামাল বলতে চেয়েছেন, কোনো বড় কাজ কেউ একা করতে পারে না। সেজন্য দরকার হয় মানুষের মিলিত অংশগ্রহণ। পৃথিবীর বড় বড় কীর্তি ও মহৎ কাজের পেছনে রয়েছে মানুষের সম্মিলিত প্রচেষ্টা। সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্য দিয়েই মানুষ এই পৃথিবীতে তার বিজয় ঘোষণা করেছে।

উদ্দীপকে ও দেখা যায় বন্যার পানিতে রাস্তা ভেঙে গ্রামে পানি ঢুকছে। রাস্তা মেরামত না করলে গ্রাম তলিয়ে যাবে। তাই গ্রামবাসী যুবকেরা হাতে হাত ধরে, কোদাল–শাবল নিয়ে নেমে পড়ল রাস্তা মেরামতে। জীবনের ঝুঁকি নিয়ে তারা সবাই মিলে রাস্তা ঠিক করল। ফলে গ্রামবাসীর জীবন রৰা পেল। উদ্দীপকের এই সম্মিলিত সফলতার কথাই 'সাম্য' কবিতার বলা হয়েছে। সম্মিলিত কাজে অসাধ্য সাধন করা যায় সেটিই উদ্দীপক ও কবিতার প্রমাণিত। তাই উদ্দীপকের সাথে 'সাম্য' কবিতার সম্মিলিতভাবে কাজ করার ৰেত্রে সাদৃশ্য রয়েছে।

**ঘ** অন্তর্নিহিত ভাবের দিক দিয়ে উদ্দীপকটি যেন 'সাম্য' কবিতার প্রতিচ্ছবি হয়ে উঠেছে।

'সাম্য' কবিতায় মানুষের সফলতা ও মহৎ কাজের পেছনে সম্মিলিত কাজের গুরবত্বকে তুলে ধরা হয়েছে। সকলকে নিয়ে সম্মিলিত কাজের মধ্যদিয়েই পৃথিবীর বহু দেশ, বহু জনগোষ্ঠী উন্নতির শিখরে অবস্থান করেছেন। একা একা কোনো বড় কাজই করা সম্ভব নয়। সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্যদিয়েই মানুষ পৃথিবীতে বিজয়ীর বেশে মাথা উঁচু করে দাঁড়িয়ে আছে।

উদ্দীপকে ভেঙে যাওয়া রাস্তা মেরামতের জন্য গ্রামের যুবকরা ও লোকজন মিলে কোদাল–শাবল নিয়ে লেগে গেল। রাস্তাটি রৰা করতে না পারলে গ্রামটিকে বাঁচানো যাবে না। তাই সম্মিলিত চেষ্টায় জীবনের ঝুঁকি নিয়ে তা মেরামত করা হয়।

'সাম্য' কবিতার যেমন ঐক্যবদ্ধ প্রচেষ্টায় যাবতীয় মহৎকর্ম সম্পাদনের কথা বলা হয়েছে উদ্দীপকেও তেমনি সবাই মিলে একটি বড় কাজ সম্পাদন করেছে। রাস্তাটি মেরামত না হলে ভয়াবহ ৰয়ৰতি সংঘটিত হতো। তাই বলা যায়, উদ্দীপকটি যেন 'সাম্য' কবিতাই প্রতিচ্ছবি।

**প্রশ্ন– ২ ▸▸**

রহিম সাহেব ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। তিনি সবার মঙ্গালের জন্য কাজ করেন। তবে যারা নির্বাচনের সময় তার বিরোধিতা করেছিল তাদের জন্য কাজ করেন না। তারা কাজের জন্য তার কাছে এলে তিনি বলেন– যাকে ভোট দিয়েছ তার কাছে যাও। তাই তার ইউনিয়নের কোনো কোনো এলাকার উন্নয়ন হলো আর কোনো কোনো এলাকা অনুন্নতই থাকল।

ক. 'মহীয়ান' শব্দের অর্থ কী? ১

খ. 'কর্মের আহ্বানে অনন্তকাল চলে– বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে সাম্য কবিতার বৈসাদৃশ্যগুলো তুলে ধর। ৩

ঘ."উদ্দীকের রহিম সাহেব সাম্য সৃষ্টিতে অন্তরায়।" — কথাটি উদ্দীপক ও সাম্য কবিতার আলোকে বিশেরষণ কর। ৪

**ক** 'মহীয়ান' শব্দের অর্থ সুমহান।

**খ** 'কর্মের আহ্বানে অনন্তকাল চলে'– বলতে বোঝানো হয়েছে মানুষ কর্মের মাঝেই অনন্তকাল বেঁচে থাকে।

কর্মই মানুষকে মহীয়ান গরীয়ান করে। যুগ যুগ ধরে পৃথিবী চলে এসেছে কর্মচাঞ্চল্যের মধ্য দিয়ে। কর্মই জীবন। কর্মই মানুষকে গতিশীল করে রেখেছে।

**গ** 'সাম্য' কবিতায় কর্মের মধ্য দিয়ে সমুন্নত হওয়ার কথা বলা হলেও উদ্দীপকে চেয়ারম্যানের উন্নয়ন কর্মকান্ডে কোনো কোনো এলাকা অনুন্নত থেকে গেছে সেদিক দিয়ে উদ্দীপক ও কবিতার মূলভাব বৈসাদৃশ্যপূর্ণ।

'সাম্য' কবিতায় কবি সুফিয়া কামাল মানবজীবনের গুরবত্বপূর্ণ দিক তুলে ধরেছেন। তিনি বলেছেন, মানুষ দেশে দেশে, কালে কালে তাদের জীবনকে সমুন্নত করেছে মহৎ কর্মের মধ্য দিয়ে। মানুষের সামগ্রিক উন্নয়ন কর্মকান্ডই তার হাতে তুলে দিয়েছে বিজয় কেতন।

উদ্দীপকে চেয়ারম্যান রহিম সাহেব তার এলাকার উন্নয়ন কর্মকাণ্ডে জড়িত। তবে যারা তার সমর্থক ও যারা তাকে ভোট দিয়ে নির্বাচিত করেছে তাদের কাজই শুধু তিনি করেন। যার ভোট দেয়নি তাদের কাজ তিনি করেন না। ফলে কিছু কিছু এলাকা অনুন্নত থেকে যায়। তাই 'সাম্য' কবিতা অনুযায়ী যেখানে সার্বিক উন্নয়নের কথা বলা হয়েছে সেখানে চেয়ারম্যানের এলাকায় আংশিক উন্নয়ন সাধিত হচ্ছে। সেদিক দিয়ে উদ্দীপকটি 'সাম্য' কবিতার সাথে বৈসাদৃশ্যপূর্ণ।

**ঘ** উদ্দীপকের রহিম সাহেব তার কাজের দিক দিয়ে সাম্য সৃষ্টিতে অন্তরায়'।

'সাম্য' কবিতার দৃষ্টিতে মানুষ সম্মিলিতভাবে দেশের উন্নয়ন ঘটায়। আর সাম্য বা সমতার ভিত্তিতেই মানুষ তার সুফল ভোগ করে। মানুষের এই উন্নয়ন ও সমৃদ্ধির জন্যই নিজের জীবনকে শ্রেষ্ঠ মনে করে। তাদের এই শ্রেষ্ঠত্ব তাদের কর্মের কারণেই। সমতার নীতিই জীবনকে উপভোগ্য করে তোলে। তখনই কেবল তারা বিজয় কেতন উড়িয়ে দলে দলে চলে।

উদ্দীপকে চেয়ারম্যান রহিম তার দায়িত্ব পালনের ৰেত্রে একপেষে দৃষ্টিভঙ্গি পোষণ করেন। তিনি শুধু তাকে ভোটদানকারীদের সাহায্য সহযোগিতা করে থাকেন। যারা তারা প্রতিপৰ অর্থাৎ ভোট দেয়নি তাদের বিরোধী প্রার্থীর কাছে যেতে বলেন এবং তাদের কোনো উপকার করেন না। ফলে সেইসব এলাকাকে তিনি অনুন্নত রেখে দিয়েছেন।

'সাম্য' কবিতায় উলিৱখিত সমতার নীতির সাথে সাংঘর্ষিক হলো চেয়ারম্যান রহিমের কর্মকান্ড। কারণ তিনি সকলের সাথে সমান আচরণ করেন না। যদিও তার দায়িত্ব ছিল জনপ্রতিনিধি হিসেবে সমতার ভিত্তিতে কাজ করা। তাই উদ্দীপকের রহিম সাহেব সাম্য দৃষ্টিতে অন্তরায়।

**প্রশ্ন– ৩ ▸▸**

পদ্মানদীতে ব্রিজ হচ্ছে। রনি তার বাবার সাথে ব্রিজের কাজ দেখতে গেল। সে বিস্মিত হলো। তীব্র স্রোতের মধ্যে গভীর নদীতে মানুষ কাজ করছে। কত যন্ত্রপাতি সেখানে। দেশি–বিদেশি কত মানুষ। সবার সম্মিলিত চেষ্টায় ব্রিজের কাজ এগিয়ে চলছে। কাজ–কর্ম দেখে তার মনে হলো– মানুষের অসাধ্য কিছুই নেই।

ক. মানবজীবন কেমন? ১

খ. 'বিপুলা পৃথিবী, প্রসারিত পথ, যাত্রীরা সেই পথে'– কথাটি কী অর্থ প্রকাশ করে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের রনির অভিজ্ঞতা 'সাম্য' কবিতার মূল কথার সাথে সাদৃশ্যপূর্ণ– ব্যাখ্যা কর। ৩

ঘ. মানুষের অসাধ্য কিছুই নেই।' –কথাটি উদ্দীপক ও 'সাম্য' কবিতার আলোকে বিশেৱষণ কর। ৪

**ক** মানবজীবন শ্রেষ্ঠ কঠোর ও কর্মে মহীয়ান।

**খ** 'বিপুলা পৃথিবী, প্রসারিত পথ, যাত্রীরা সেই পথে'– বলতে বিশাল এই পৃথিবীর প্রশস্ত পথ ধরেই মানুষ এগিয়ে চলেছে।

পৃথিবী প্রবহমান। এগিয়ে চলাই মানুষের ধর্ম। জীবন–জীবিকার প্রশ্নে সুখ লাভের আশায় মানুষকে এগিয়ে যেতে হয়। বিশাল কর্মযজ্ঞে তারা নিয়োজিত। তাই পৃথিবীর প্রশস্ত পথ ধরেই তারা এগিয়ে চলে।

**গ** উদ্দীপকের রনির অভিজ্ঞতা 'সাম্য' কবিতার মূল কথার সাথে সাদৃশ্যপূর্ণ।

‘সাম্য’ কবিতায় বলা হয়েছে মানুষ হাতে হাত রেখে সম্মিলিত প্রচেষ্টায় উন্নয়ন কর্মকাণ্ডে জড়িত হয়। ফলে তাদের দ্বারা পৃথিবীর দেশে দেশে ব্যাপক উন্নয়ন সাধিত হয়। তাদের মহৎকর্মের ফলে তারা মহীয়ান গরীয়ান হয়ে ওঠে। অসীম সাহস সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্যদিয়েই মানুষ এই পৃথিবীতে তার বিজয় ঘোষণা করেছে।

উদ্দীপকের রনি পদ্মানদীতে ব্রিজ নির্মাণ কর্মকাণ্ড দেখে অভিভূত হয়। প্রবল স্রোতের মাঝে কীভাবে তারা নির্মাণ কাজ করে। গভীর নদীতে নানা যন্ত্রপাতি নিয়োজিত করে দেশি–বিদেশি বহুলোক কাজ করে। এসকল কাজকর্ম দেখে তার মনে হলো : মানুষের অসাধ্য কিছুই নেই। সাম্য কবিতার ও সেই কর্মের আহ্বান। সংগ্রাম ও সাহসের সাথে কাজ করার কথা বলা হয়েছে। তাই রনির অভিজ্ঞতা সাম্য কবিতার মূল কথার সাথে সাদৃশ্যপূর্ণ।

**ঘ** ‘সাম্য’ কবিতা ও উদ্দীপকে মানুষের অসাধ্য কিছুই নেই এ বিষয়টিই প্রতিধ্বনিত হয়েছে।

‘সাম্য’ কবিতায় কবি বলেছেন, বড় কোনো কাজ একা একা করা যায় না। তখন সম্মিলিত চেষ্টায় প্রয়োজন হয়। সকলকে নিয়ে কাজ করার মাধ্যমে পৃথিবীর বহু দেশ উন্নত হয়েছে। অসীম সাহস, সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্য দিয়ে মানুষ পৃথিবীতে অনেক বড় বড় কীর্তি সম্পাদন করে থাকে। মানুষের দুটি হাত যখন কর্মের হাতিয়ার হয়ে যায় তখনই মানুষ মহৎ কিছু করে ফেলতে পারে।

উদ্দীপকে রনি পদ্মানদীতে ব্রিজ নির্মাণ কাজ দেখে অভিভূত হয়। সেখানে বহু দেশি–বিদেশি লোক একসাথে কাজ করে। পূর্বে তার ধারণা ছিল না এমন প্রবল স্রোতের মাঝে ব্রিজ নির্মাণ করা যেতে পারে। তাই সে অবাক হয়ে যায় এবং বলে ওঠে, মানুষের অসাধ্য কিছু নেই।

‘সাম্য’ কবিতা ও উদ্দীপক বিবেচনা করলে আমরা সবাই সম্মিলিত শক্তিতে অনেক অসাধ্য সাধন করতে পারে। যা একা কোনো মানুষের পৰে করা সম্ভব নয়। সম্মিলিত শক্তিই কেবল অসাধ্য সাধন করতে পারে।

**প্রশ্ন– ৪ ▸▸**

বিল গেটস পৃথিবীর শ্রেষ্ঠ ধনী ব্যক্তি। তিনি মাইক্রোসফট নামের একটি প্রতিষ্ঠান পরিচালনা করেন। সাহস ও জ্ঞান কাজে লাগিয়ে তিনি মানুষের চিন্তা বদলে দেন। তার একার শ্রমে নয়–হাজার হাজার মানুষের সহায়তার তিনি তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বসেরা প্রতিষ্ঠান গড়ে তুলতে সমর্থ হন। এখন তিনি বিশ্বনন্দিত। তিনি বলেন– “একা একা কোনো কাজই সফল হয় না। সাফল্যের জন্য চাই সম্মিলিত চেষ্টা।”

ক. সুফিয়া কামালের জন্ম কোথায়? ১

খ. মাটিতে, আকাশে, সমুদ্রে মানুষ বিজয় কেতন উড়িয়ে চলেছে– কথাটি দিয়ে কী বোঝানো হয়েছে? ২

গ. উদ্দীপকের মাইক্রোসফট গড়ে ওঠার কাহিনি সাম্য কবিতার মূল ভাবের সাথে সাদৃশ্য–ব্যাখ্যা কর। ৩

ঘ.‘সাফল্যের জন্য চাই সম্মিলিত চেষ্টা। কথাটি উদ্দীপকও সাম্য কবিতার আলোকে বিশেরষণ কর। ৪

**ক** সুফিয়া কামালের জন্ম বরিশালে।

**খ** মাটিতে আকাশে, সমুদ্রে মানুষ বিজয় কেতন উড়িয়ে চলেছে– কথাটি দ্বারা মানুষের অসাধ্য কিছুই নেই সে বিষয়টি বোঝানো হয়েছে।

সাম্য কবিতা অনুযায়ী মানুষ তার চেষ্টা, সংগ্রাম দিয়ে তার মহান কীর্তি দিয়ে শ্রেষ্ঠত্ব অর্জন করেছে। আর তাই সে এখন মাটিতে, আকাশে, সমুদ্রে অর্থাৎ সর্বত্র বিজয় কেতন উড়িয়ে চলেছে।

**গ** উদ্দীপকের মাইক্রোসফট গড়ে ওঠার কাহিনি ‘সাম্য’ কবিতায় মূলভাবের সাথে সাদৃশ্যপূর্ণ।

‘সাম্য’ কবিতায় ফুটে উঠেছে মানুষের সম্মিলিত প্রচেষ্টায় মাধ্যমে উন্নয়নের সোপানে অবস্থান করার কথা। মানুষ তার চেষ্টা, শ্রম ও সংগ্রাম দিয়েই তা অর্জন করেছে। মানুষের মেধা, যোগ্যতা ও শক্তি যদি একত্রিত করা যায় তবে সকল অসাধ্য সাধন করা সম্ভব।

উদ্দীপকে বিল গেটসের মাইক্রোসফট গড়ে তোলার কথা বলা হয়েছে। তিনি উদ্যোক্তা হলেও হাজার হাজার লোকের সহায়তায় তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বসেরা প্রতিষ্ঠান গড়ে তুলতে সমর্থ হন। তার কাজ তাকে বিশ্বনন্দিত করেছে সত্য কিন্তু তার সাথে বিশালকর্মীবাহিনী কাজ করেছে যে কারণে এটি এত বড় প্রতিষ্ঠানে পরিণত হয়েছে। কবিতায় যে সম্মিলিত চেষ্টার কথা বলা হয়েছে উদ্দীপকে তারই সার্থক বাস্তবায়ন ঘটেছে।

**ঘ** ‘সকলের জন্য চাই সম্মিলিত চেষ্টা’ কথাটি উদ্দীপক ও ‘সাম্য’ কবিতার সত্য হয়ে উঠেছে।

‘সাম্য’ কবিতায় কবি নিশ্চিত করেই বলেছেন, বড় কোনো কাজ একা একা করা যায় না। বৃহৎ কোনো কর্মকাণ্ড পরিচালনা করতে হলে সম্মিলিত প্রচেষ্টায় প্রয়োজন। আর সম্মিলিত প্রচেষ্টায় মধ্য দিয়েই পৃথিবীর বিভিন্ন দেশে মানুষ উন্নতির শীর্ষে চলে গেছে। তাদের অসীম সাহস, সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্য দিয়ে পৃথিবীতে তারা তাদের বিজয় ঘোষণা করেছে।

উদ্দীপকে বিল গেটস তেমনি দৰ কর্মবাহিনী নিয়ে তৈরি করেছেন ‘মাইক্রোসফট’। তার প্রতিষ্ঠিত প্রতিষ্ঠান এখন প্রযুক্তির ৰেত্রে বিশ্বসেরা। আর তিনি নিজেই বলেছেন। একা একা কোনো কাজই হয় না। সকলের জন্য চাই সম্মিলিত চেষ্টা।

উদ্দীপক ও ‘সাম্য’ কবিতা লৰ করলে আমরা পাই উভয় ৰেত্রে উপজীব্য হয়ে উঠেছে সম্মিলিত প্রচেষ্টা দিকটি। তাই নিশ্চিতভাবেই বলা যায় সাফল্যের জন্য চাই সম্মিলিত চেষ্টা।

■ **অনুশীলনের জন্য সৃজনশীল প্রশ্নব্যাংক (উত্তরসংকেতসহ)**

**প্রশ্ন– ৫ ▸▸**

“গাহি সাম্যের গান–
যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা–ব্যবধান,
যেখানে মিশিছে হিন্দু–বৌদ্ধ–মুসলিম–ক্রীশ্চান।
গাহি সাম্যের গান।
কে তুমি?–পার্সী? জৈন? ইহুদী? সাঁওতাল, ভীল, গারো?
কন্‌ফুসিয়াস? চার্বাক–চেলা? বলে যাও, বলো আরো।
বন্ধু, যা–খুশি হও,
পেটে পিঠে কাঁধে মগজে যা–খুশি পুঁথি ও কেতাব বও,
কোরান–পুরাণ–বেদ–বেদান্ত–বাইবেল–ত্রিপিটক–জেন্দাবেস্তা–গ্রন্থসাহেব পড়ে যাও, যত সখ,–
কিন্তু, কেন এ পন্ডশ্রম, মগজে হানিছ শূল?
দোকানে কেন এ দর–কষাকষি?–পথে ফুটে তাজা ফুল!
তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,
সকল শাস্ত্র খুঁজে পাবে সখা খুলে’ দেখ নিজ প্রাণ।”

ক. সুফিয়া কামালের উলেৰখযোগ্য একটি গ্রন্থের নাম লেখ। ১
খ. বড় কোনো কাজ একা করা যায় না কেন? ২
গ. উদ্দীপকের কবিতাংশের সাথে সাম্য কবিতার সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩
ঘ. “মানবতাবোধ সাম্য সৃষ্টির বড় প্রয়োজন”– কথাটি উদ্দীপক ও কবিতার আলোকে বিশেৰষণ কর। ৪

**ক** সুফিয়া কামালের উলেৰখযোগ্য একটি গ্রন্থ হলো– ‘সাঁঝের মায়া’।

**খ** কোনো বড় কাজ কেউ একা করতে পারে না। সে জন্য দরকার হয় অনেক মানুষের মিলিত অংশগ্রহণ।

সবাই নিয়ে কাজ করার মাধ্যমে পৃথিবীর বহু দেশ উন্নত হয়েছে। পৃথিবীর অনেক মহৎ কাজের পেছনেই ছিল মানুষের সম্মিলিত প্রচেষ্টা। অসীম সাহস, সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্য দিয়েই মানুষ এই পৃথিবীতে তার বিজয় ঘোষণা করেছে। তাই বড় কোনো কাজে সফল হতে হলে সকলের সম্মিলিত প্রয়াস প্রয়োজন।

***Xclusive* *লিংক* : *প্রয়োগ (গ) ও উচ্চতর দৰতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূ প যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–***

**গ** উদ্দীপকের কবিতাংশের সাথে সামঞ্জস্য রেখে ‘সাম্য’ কবিতার মূলভাব লিখতে হবে।

**ঘ** ‘সাম্য’ কবিতার মমার্থ বিশেৰষণে করতে হবে।

**প্রশ্ন– ৬ ▸▸**

রাজু মসজিদে গেল। নামাজের পর ইমাম সাহেব বক্তব্য দিলেন। তিনি বললেন, পৃথিবীতে আলৰাহর বান্দা সবাই। জন্মের মাধ্যমে মানুষ শ্রেষ্ঠ হয় না। মানুষ শ্রেষ্ঠ হয় তার কর্ম দিয়ে। পৃথিবীতে বহু মত ও পথ রয়েছে। আপনাকে বিবেক দিয়ে বেছে নিতে হবে– কোন পথটি সঠিক।

ক. মানুষ কীসে দীপ্তিমান? ১
খ. মানুষ কর্মেরা আহ্বানে পথ চলে কেন? ২
গ. উদ্দীপকের সাথে ‘সাম্য’ কবিতার ভাবগত সাদৃশ্য ব্যাখ্যা কর। ৩

ঘ. ‘জন্মে নয়, মানুষ শ্রেষ্ঠ হয় কর্মে।’ –কথাটি উদ্দীপক ও ‘সাম্য’ কবিতার আলোকে বিশ্লেষণ কর। ৪

**ক** মানুষ আলোকে দীপ্তিমান।

**খ** মানুষ সভ্যতা বিনির্মাণের প্রয়োজনে কর্মের আহ্বানে পথ চলে।

কর্মবিহীন পৃথিবী কল্পনা করা যায় না। কর্মের বলেই সভ্যতার গরিমা বৃদ্ধি পায়। তাই সভ্যতাকে এগিয়ে নিয়ে যাবার প্রত্যয়ে মানুষ কর্মের আহ্বানে পথে নেমে পড়ে।

***Xclusive** লিংক : প্রয়োগ (গ) ও উচ্চতর দক্ষতার (ঘ) প্রশ্নের উত্তরের জন্য অনুরূপ যে প্রশ্নের উত্তর জানা থাকতে হবে–*

**গ** উদ্দীপকের সাথে ‘সাম্য’ কবিতার তুলনামূলক আলোচনা করতে হবে।

**ঘ** ‘জন্ম হোক যথা তথা কর্ম হোক ভালো’– এ বিষয়টি উদ্দীপক ও কবিতার আলোকে বিশ্লেষণ করতে হবে।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **বিষয়ক্রম অনুযায়ী বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

➲ **কবি পরিচিতি**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১. **সুফিয়া কামাল কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
● ১৯১১ ⓚ ১৯১২ ⓖ ১৯১৫ ⓘ ১৯১৭

২. **সুফিয়া কামাল কোন জেলায় জন্মগ্রহণ করেন?** (জ্ঞান)
ⓚ সাতক্ষীরা ● বরিশাল ⓖ ফরিদপুর ⓘ ময়মনসিংহ

৩. **ভাষা আন্দোলনে কে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন?** (জ্ঞান)
ⓚ লীলা মজুমদার ● সুফিয়া কামাল
ⓖ কামিনী রায় ⓘ সুনির্মল বসু

৪. **নারীদের সমঅধিকার প্রতিষ্ঠার আন্দোলনে কে অগ্রণী ভূমিকা পালন করেন?** (জ্ঞান)
ⓚ স্বর্ণকুমারী দেবী ⓦ লীলা মজুমদার
ⓖ কামিনী রায় ● সুফিয়া কামাল

৫. **সুফিয়া কামালের লেখা কাব্যগ্রন্থ কোনটি?** (জ্ঞান)
● মায়া কাজল ⓦ এলাটিং বেলাটিং
ⓖ তুলির সাথে লড়াই ⓘ রসকদম

৬. **‘সাঁঝের মায়া’ কাব্যগ্রন্থটির রচয়িতা কে?** (জ্ঞান)
ⓚ রবীন্দ্রনাথ ঠাকুর ⓦ কাজী নজরুল ইসলাম
ⓖ আহসান হাবীব ● সুফিয়া কামাল

৭. **‘কেয়ার কাঁটা’ কোন ধরনের রচনা?** (জ্ঞান)
● কাব্যগ্রন্থ ⓦ নাটক ⓖ উপন্যাস ⓘ ছোটগল্প

৮. **‘সাম্য’ কোন ধরনের কবিতা?** (অনুধাবন)
● অসাম্প্রায়িক বিষয়ক ⓦ উদ্দেশমূলক
ⓖ সামাজিকবিষয়ক ⓘ ভাষা আন্দোলনবিষয়ক

৯. **পৃথিবীর অনেক মহৎ কাজের পিছনেই মূলত কী রয়েছে?** (উচ্চতর দক্ষতা)
● মানুষের সম্মিলিত প্রচেষ্টা ⓦ মানুষের সংগ্রামের সাহস
ⓖ মানুষের সংগ্রামী চেতনা ⓘ মানুষের সংগ্রামী মনোভাব

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

১০. **সুফিয়া কামাল ছিলেন একজন সফল–** (অনুধাবন)
i. সংগঠক ii. সাংবাদিক
iii. নারী নেত্রী
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১১. **সুফিয়া কামাল সব সময় সোচ্চার ছিলেন–** (অনুধাবন)
i. সাম্প্রদায়িকতার বিপক্ষে ii. মৌলবাদের বিপক্ষে
iii. অসাম্প্রদায়িকতার বিপক্ষে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১২. **সুফিয়া কামালের উল্লেখযোগ্য কাব্যগ্রন্থ –** (অনুধাবন)
i. সাঁঝের মায়া ii. শেষ রাত্রি
iii. কেয়ার কাঁটা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

➲ **মূলপাঠ**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১৩. **মানুষ কীসের আহ্বানে ছুটে চলে?** (জ্ঞান)
● কর্মের ⓧ আত্মীয়তার ⓖ মানবতার

১৪. **'কর্মে সে মহীয়ান' –এ চরণটিতে 'মহীয়ান' কোন অর্থে ব্যবহৃত হয়েছে?** (প্রয়োগ)
● সুমহান ⓧ সুগৌরব ⓖ সুবচন ⓖ সৌভাগ্য

১৫. **মানবজীবন কর্মে কেমন?** (অনুধাবন)
● মহীয়ান ⓧ দৰ ⓖ জ্ঞানী ⓖ অথর্ব

১৬. **বিপুলা পৃথিবীতে মানুষ কোথায় চলে?** (জ্ঞান)
● কর্মের আহ্বানে ⓧ স্রষ্টার আহ্বানে
ⓖ স্বর্গের আহ্বানে ⓖ শিৰকের আহ্বানে

১৭. **পৃথিবীর সব মানুষকে নিয়েই কী গড়ে উঠেছে?** (জ্ঞান)
● মানবসভ্যতা ⓧ আধুনিক সভ্যতা
ⓖ জনসম্মেলন ⓖ সিন্ধু সভ্যতা

১৮. **'বিজয় কেতন উড়ায়ে মানুষ' –এ চরণটিতে 'কেতন' শব্দটি কী অর্থে প্রয়োগ করা হয়েছে?** (প্রয়োগ)
ⓚ ঘুড়ি ⓧ উড়োজাহাজ ● পতাকা

১৯. **'বিপুলা পৃথিবী' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?** (জ্ঞান)
● বিশাল পৃথিবী ⓧ বড় পৃথিবী
ⓖ ধন সম্পদে পরিপূর্ণ পৃথিবী ⓖ লোকে লোকারণ্য পৃথিবী

২০. **'সাম্য' কবিতায় মূলত কোন দিকটি প্রতিফলন হয়েছে?**(উচ্চতর দৰতা)
● সমন্বিত প্রচেষ্টার ⓧ প্রাকৃতিক শিৰার
ⓖ স্বদেশপ্রেমের ⓖ জন্মভূমির রূ প সৌন্দর্য

২১. **'শতেকের সাথে শতেক হস্ত' –এ চরণটিতে 'হস্ত' শব্দটি কী অর্থে কবিতায় ব্যবহৃত হয়েছে?** (প্রয়োগ)
● সমন্বিত শক্তি ⓧ হস্তচালিত শক্তি
ⓖ অশুভ শক্তি ⓖ কর্মচঞ্চলতার শক্তি

২২. **অনন্ত কাল হতে কী চলে আসছে?** (জ্ঞান)
● কর্মপ্রচেষ্টা ⓧ খাদ্য প্রচেষ্টার
ⓖ দুঃখ মোচনের প্রচেষ্টা ⓖ সংহতি প্রচেষ্টার

২৩. **'সাম্য' কবিতায় মানুষ দলে দলে কী উড়ায়ে চলছে?** (জ্ঞান)
● বিজয় পতাকা ⓧ জাতীয় পতাকা
ⓖ সাংকেতিক পতাকা ⓖ দলীয় পতাকা

২৪. **'সাম্য' কবিতায় পৃথিবীর পথ কেমন?** (অনুধাবন)
ⓚ লম্বা ● প্রসারিত ⓖ সংকুচিত ⓖ দীর্ঘ

২৫. **'সাম্য' কবিতায় সম্মুখে কীসের কথা বলা হয়েছে?**(অনুধাবন)
ⓚ ঝরনা ● সিন্ধু জল ⓖ দিঘি ⓖ জলাশয় ⓖ সৃষ্টিকর্তা

২৬. **শিপন গ্রামের দরিদ্র জনগোষ্ঠীকে নিয়ে দারিদ্র্য বিমোচনে গরুর খামারের কাজে অংশগ্রহণ করেছে। শিপনের মাঝে 'সাম্য' কবিতার কোন দিকটি ফুটে উঠেছে?** (উচ্চতর দৰতা)
● সম্মিলিত প্রচেষ্টা ⓧ সহমর্মিতার
ⓖ মানবতাবোধের ⓖ সম্প্রীতিবোধের

২৭. **বাঁধন দাস ধর্ম–বর্ণ–গোত্র নির্বিশেষে সকলকে নিয়ে একটি শান্তি সংগঠন তৈরি করেছে। বাঁধন দাসের কার্যক্রম 'সাম্য' কবিতার কোন দিকটির সাথে সাদৃশ্য রয়েছে?** (প্রয়োগ)
ⓚ সম্মিলিত প্রচেষ্টার ● সম্প্রীতির
ⓖ সৌহার্দ্যের ⓖ সহমর্মিতার

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

২৮. **পৃথিবীর বহু দেশ উন্নত হয়েছে–** (অনুধাবন)
i. মানুষের মিলিত অংশগ্রহণে ii. মানুষের সম্মিলিত প্রচেষ্টায়
iii. মানুষের উন্নয়ন মনোভাবে ⓖ বলাকা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

২৯. **মানবজীবন হলো–** (অনুধাবন)
i. কঠোর ii. শ্রেষ্ঠ
iii. সরল
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩০. **'সাম্য' কবিতায় যে বিষয় ফুটে উঠেছে–** (উচ্চতর দৰতা)
i. মানুষের প্রতি সম্প্রীতির ii. মানুষের প্রতি সহমর্মিতার
iii. স্বপ্নিল সাধনার
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩১. **পৃথিবীতে অনেক মহৎ কাজ সাধিত হওয়ার পেছনে রয়েছে–**
i. মানুষের সম্মিলিত প্রচেষ্টা ii. মানুষের সম্মিলিত সাধনা
iii. মানুষের উচ্চ আকাঙ্ক্ষা
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓧ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৩২. **মানুষ পৃথিবীতে বিজয় ঘোষণা করেছে যার মধ্য দিয়ে–**(অনুধাবন)
i. অসীম সাহসের ii. সাম্যপ্রীতির
iii. সংগ্রামের

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩৩. **সকল শ্রেণির মানুষের মধ্যে যে পরিবেশ সৃষ্টি করতে হবে–**

i. সম্প্রীতির ii. সৌহার্দ্যের

iii. সহমর্মিতার

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**

রাকিব সাহেব ধর্ম, বর্ণ গোত্রের সকলে ভেদাভেদ ভুলে মানবপ্রেমে উদ্বুদ্ধ হয়ে গ্রামের অসহায় মানুষদের নিয়ে কয়েকটি মাছের খামার করেন। তিনি গভীর মমতা ও অকুণ্ঠ ভালোবাসা দিয়ে দরিদ্র মানুষের মুখে হাসি ফোটাতে চান।

৩৪. **অনুচ্ছেদে উল্লিখিত বিষয়বস্তু তোমার পাঠ্যবইয়ের কোন কবিতার সাদৃশ্য পরিলক্ষিত হয়?** (প্রয়োগ)

ⓚ সবার আমি ছাত্র ⓚ আমার বাড়ি

ⓖ গরবিনী মা–জননী ● সাম্য

৩৫. **অনুচ্ছেদে উক্ত কবিতার যে বিষয় প্রতিফলিত হয়েছে –**(অনুধাবন)

i. সম্মিলিত প্রচেষ্টার ii. সহমর্মিতার

iii. সম্প্রীতির

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও :**

কাঙালীর মায়ের শেষ ইচ্ছে ছিল ছেলের হাতের আগুন মুখে নিয়ে স্বর্গে যাবে। কিন্তু কাঙালী শত চেষ্টা করেও মায়ের মুখে আগুন দেওয়ার জন্য কাঠ জোগাড় করতে পারেনি দরিদ্রতার কারণে। সমাজের সম্ভ্রান্ত লোকেরা তাকে সহযোগিতা না করে বরং অবহেলা উপহাস করেছে।

৩৬. **অনুচ্ছেদের সমাজের সম্ভ্রান্ত ব্যক্তিদের মানসিকতা তোমার পাঠ্যবইয়ের কোন কবিতায় বিপরীত দিক প্রকাশিত হয়েছে?** (প্রয়োগ)

● সাম্য ⓚ সবার আমি ছাত্র

ⓖ মেলা ⓖ নতুন দেশ

৩৭. **উক্ত কবিতার যে দিক অনুচ্ছেদের উল্লিখিত মানুষের মানসিকতার পরিবর্তন করতে পারে–** (অনুধাবন)

i. মানুষের প্রতি সম্প্রীতিবোধ ii. মানুষের প্রতি সহমর্মিতাবোধ

iii. মানুষের সম্মিলিত প্রচেষ্টা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**➲ শব্দার্থ ও টীকা ➠** বোর্ড বই, পৃষ্ঠা ৮৭

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

(অনুধাবন)

৩৮. **'শতেক' শব্দটির অর্থ কী?** (জ্ঞান)

● একশত ⓚ এক সাথে ⓖ এক সহস্র ⓖ একইভাবে

৩৯. **'সমুন্নত' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?** (অনুধাবন)

ⓚ অনুন্নত ⓚ উন্নত ● অতিশয় উঁচু

৪০. **যার অন্ত বা শেষ নেই তাকে কী বলে?** (অনুধাবন)

ⓚ সীমা হীন ● অনন্ত ⓖ অসমাপ্ত ⓖ গহীন

৪১. **'প্রজ্ঞা' শব্দের অর্থ কী?** (জ্ঞান)

● গভীর জ্ঞান ⓚ প্রাথমিক জ্ঞান

ⓖ আধ্যাত্মিক জ্ঞান ⓖ ধর্মীয় জ্ঞান

৪২. **'কেতন' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?** (অনুধাবন)

ⓚ ঘুড়ি ⓚ আকাশ ● পতাকা ⓖ বলাকা

৪৩. **'দীপ্তিমান' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?**

ⓚ উচ্ছ্বল ● উজ্জ্বল ⓖ আলোকিত ⓖ আলো

৪৪. **বিস্তার লাভ করে যা তাকে কী বলে?**

● প্রসারিত ⓚ বিশাল ⓖ বিকশিত ⓖ প্রস্ফুটিত

৪৫. **"সব দেশে সব কালে কালে– সবে হয়েছে সমুন্নত।"– উক্তিটিতে 'সমুন্নত' শব্দটি কী অর্থে প্রয়োগ করা হয়েছে?** (প্রয়োগ)

ⓚ মাথা নিচু ● অতিশয় উঁচু

ⓖ অতিশয় নিচু ⓖ অতিশয় ছোট

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৪৬. **'সংগ্রাম' শব্দটি দ্বারা বোঝানো হয়েছে–** (অনুধাবন)

i. লড়াই ii. যুদ্ধ

iii. রণ

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৪৭. **'বিপুল' শব্দটির সমার্থক শব্দ হলো–** (অনুধাবন)

i. বিশাল ii. বিরাট

iii. অনেক

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪৮. **'সংগ্রাম' শব্দটির সমার্থক শব্দ–** (অনুধাবন)

i. যুদ্ধ ii. লড়াই

iii. প্রচেষ্টা

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৪৯. **'সিন্ধু' শব্দের অর্থ–** (অনুধাবন)

i. সমুদ্র ii. সাগর

iii. বারি

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫০. **'মহীয়ান' শব্দটির সমার্থক শব্দ–** (অনুধাবন)

i. সুমহান ii. মহান

iii. জ্ঞানী

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৫১. **'সংগ্রামে আর সাহসে প্রজ্ঞা' এ চরণটি 'প্রজ্ঞা' শব্দটি যে অর্থে ব্যবহৃত হয়েছে?** (প্রয়োগ)

i. গভীর জ্ঞান ii. সাধারণ জ্ঞান

iii. প্রাকৃতিক জ্ঞান

**নিচের কোনটি সঠিক?**

● i ⓖ ii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

**➲ পাঠ পরিচিতি ➡** বোর্ড বই, পৃষ্ঠা ৮৭

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৫২. **কোন কাজ কেউ একা করতে পারে না?** (জ্ঞান)

● বড় কাজ ⓖ সেবামূলক কাজ

ⓖ পারিবারিক কাজ ⓖ উন্নয়ন কাজ

৫৩. **সুফিয়া কামালের 'সাম্য' কবিতার ভাববস্তু কী?**(উচ্চতর দক্ষতা)

● ধর্ম–বর্ণ–গোত্র শ্রেণি সকল মানুষের প্রতি সম্প্রীতি স্থাপন

ⓖ ধর্ম–বর্ণ–গোত্র শ্রেণি সকল মানুষের প্রতি সাম্প্রদায়িক দৃষ্টি স্থাপন

ⓖ ধর্ম–বর্ণ–গোত্র শ্রেণি সকল মানুষের গুণাবলি তুলে ধরা

ⓖ ধর্ম–বর্ণ–গোত্র শ্রেণি সকল মানুষের সহযোগিতা করা

**বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

৫৪. **'সাম্য' কবিতাটিতে যে মনোভাব প্রকাশিত হয়েছে–**(উচ্চতর দক্ষতা)

i. মানুষের প্রতি সম্প্রীতি স্থাপন করা

ii. মানুষের প্রতি সহমর্মিতাবোধ সৃষ্টি করা

iii. মানুষের প্রতি সৌহার্দ্যের পরিবেশ সৃষ্টি করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৫৫. **পৃথিবীর মানুষ বিজয় ঘোষণা করেছে–** (অনুধাবন)

i. সম্মিলিত সাধনার মাধ্যমে ii. অসীম সাহসের মাধ্যমে

iii. অপশক্তির মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**■ মাস্টার ট্রেইনার প্রণীত সৃজনশীল প্রশ্ন ও উত্তর**

**■ জ্ঞানমূলক প্রশ্ন ও উত্তর** ▼▼⬇

**প্রশ্ন ॥ ১ ॥ সুফিয়া কামাল কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন?**

**উত্তর :** সুফিয়া কামাল ১৯১১ খ্রিষ্টাব্দে জন্মগ্রহণ করেন।

**প্রশ্ন ॥ ২ ॥ সুফিয়া কামাল কী ছিলেন?**

**উত্তর :** সুফিয়া কামাল একজন সফল সংগঠক ও নারী নেত্রী ছিলেন।

**প্রশ্ন ॥ ৩ ॥ নারীদের সমঅধিকার প্রতিষ্ঠার আন্দোলনে কে অগ্রণী ভূমিকা পালন করেন?**

**উত্তর :** নারীদের সমঅধিকার প্রতিষ্ঠায় আন্দোলনে সুফিয়া কামাল অগ্রণী ভূমিকা পালন করেন।

**প্রশ্ন ॥ ৪ ॥ সাম্প্রদায়িকতার বিরুদ্ধে কে সোচ্চার ছিলেন?**

**উত্তর :** সাম্প্রদায়িকতার বিরবদ্ধে সুফিয়া কামাল সোচ্চার ছিলেন।

**প্রশ্ন ॥ ৫ ॥ 'সাঝেঁর মায়া' কাব্যগ্রন্থের রচয়িতা কে?**

**উত্তর :** 'সাঁঝের মায়া' কাব্যগ্রন্থের রচয়িতা সুফিয়া কামাল।

**প্রশ্ন ॥ ৬ ॥ সুফিয়া কামাল কত খ্রিস্টাব্দে মৃত্যুবরণ করেন?**

**উত্তর :** সুফিয়া কামাল ১৯৯৯ খ্রিষ্টাব্দে মৃত্যুবরণ করেন।

**প্রশ্ন ॥ ৭ ॥ পৃথিবীতে অনেক মহৎ কাজের পেছনেই কী রয়েছে?**

**উত্তর :** পৃথিবীতে অনেক মহৎ কাজের পেছনেই সম্মিলিত প্রচেষ্টা রয়েছে।

**প্রশ্ন ॥ ৮ ॥ সকল শ্রেণির মানুষের মধ্য কী সৃষ্টি করতে হবে?**

**উত্তর :** সকল শ্রেণির মানুষের মধ্যে সৌহার্দ্যের পরিবেশ সৃষ্টি করতে হবে।

**প্রশ্ন ॥ ৯ ॥ অসীম সাহস, সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্য দিয়েই মানুষ এই পৃথিবীতে কী ঘোষণা করেছে?**

**উত্তর :** অসীম সাহস সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্য দিয়েই মানুষ এই পৃথিবীতে তার বিজয় ঘোষণা করেছে।

**প্রশ্ন ॥ ১০ ॥ 'শতেক' শব্দটির অর্থ কী?**

**উত্তর :** 'শতেক' শব্দটির অর্থ একশত।

**প্রশ্ন ॥ ১১ ॥ 'প্রসারিত' শব্দটি দ্বারা কী বোঝানো হয়েছে?**

**উত্তর :** 'প্রসারিত' শব্দটি দ্বারা বোঝানো হয়েছে বিস্তার লাভ করেছে এমন।

**প্রশ্ন ॥ ১২ ॥ 'সমুন্নত' শব্দটির দ্বারা কী বোঝানো হয়েছে?**

**উত্তর :** 'সমুন্নত' শব্দটি দ্বারা বোঝানো হয়েছে অতিশয়- উঁচু।

**প্রশ্ন ॥ ১৩ ॥ 'অনন্ত' শব্দটি সাম্য কবিতায় কী অর্থে ব্যবহৃত হয়েছে?**

**উত্তর :** 'অনন্ত' শব্দটি সাম্য কবিতার যার অন্ত নেই বা শেষ অর্থে ব্যবহৃত হয়েছে।

**প্রশ্ন ॥ ১৪ ॥ বিজয়-কেতন উভয়ে মানুষ কীভাবে চলছে?**

**উত্তর :** বিজয় কেতন উড়ায়ে মানুষ দলে দলে চলছে।

## ■ অনুধাবনমূলক প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ সাম্য দিয়ে কী বোঝানো হয়েছে?**

**উত্তর :** সাম্য বলতে ধর্ম-বর্ণ-গোত্র-শ্রেণি নির্বিশেষে সকল মানুষের প্রতি সম্প্রীতি ও সহমর্মিতার বোধ সৃষ্টি করাই সাম্য।

মানুষের মাঝে সম্প্রীতি ও সহমর্মিতার বোধ সৃষ্টি হলে তখন তারা মিলিত প্রচেষ্টা অনেক বড় বড় কাজ সুসম্পন্ন করতে পারে। দেশ ও জাতির উন্নয়নের জন্য এটি খুব জরবরি।

**প্রশ্ন ॥ ২ ॥ সব দেশে সব কালে মানুষ কীভাবে সমুন্নত হয়েছে?**

**উত্তর :** সব দেশে সব কালে মানুষ সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমেই সমুন্নত হয়েছে।

মানুষ একা একা কোনো বড় কাজ করতে পারে না। তার জন্য প্রয়োজন হয় সম্মীলিত প্রচেষ্টা। পৃথিবীর দেশে দেশে বিভিন্ন সময়ে মানুষ অনেক অনেক বড় বড় কীর্তি গড়ে তুলেছে। যা কারো একার পৰে সম্ভব ছিল না।

**প্রশ্ন ॥ ৩ ॥ অনন্তকাল বলতে কী বুঝানো হয়েছে?**

**উত্তর :** অনন্তকাল বলতে বোঝানো হয়েছে যে কালের কোনো শেষ নেই।

মানুষ বেঁচে থাকে কর্মের মধ্য দিয়েই। কর্মের অবদানেই মানুষ অনন্তকাল ধরে ছুটছে। তার বিরামহীন ছুটে চলার কারণেই পৃথিবী এগিয়ে চলছে যুগ যুগ ধরে।

**প্রশ্ন ॥ ৪ ॥ আলোকে দীপ্তিমান কথাটি ব্যাখ্যা কর।**

**উত্তর :** 'আলোক দীপ্তিমান' বলতে আলোক উজ্জ্বল জনতাকে বোঝানো হয়েছে।

কবিতার আলোকে দীপ্তিমান তাদের বলা হয়েছে যারা অসীম সাহস, সম্মিলিত সাধনা ও সংগ্রামের মধ্যদিয়ে পৃথিবীতে তার বিজয় ঘোষণা করেছে।